গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১৪ জুলাই ২০১৫, ৩০ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অনুমোদন ছাড়া সরকারি চাকুরেদের গ্রেফতার নয় : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। জঙ্গি দমনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব বিশ্ব দরবারে প্রশংসিত : স্বাস্থ্যমন্ত্রী

৩। রাজনীতিতে সন্ত্রাসী ও যুদ্ধাপরাধীদের স্থান দেওয়া বিপজ্জনক : তথ্যমন্ত্রী

৪। রাজন খুনিদের কেউ ছাড় পাবে না : স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী
- রাজনের খুনি কামরুল সৌদিতে আটক

৫। মন্ত্রিসভার আকার বাড়ছে : শপথ আজ

৬। আবদুল লতিফ সিদ্দিকীর ভাগ্য নির্বাচন কমিশনের হাতে : সিদ্ধান্ত নিতে স্পিকারের চিঠি

৭। ৮০ শতাংশ সরকারি চিকিৎসক বেসরকারি প্রতিষ্ঠানে যুক্ত
: নগর স্বাস্থ্যসেবা নিয়ে আইসিডিডিআরবির গবেষণা

৮। ভিন্ন নামে আমদানি করা এক টন ঘনচিনি জব্দ

৯। ট্রেনের অগ্রিম টিকিট নেই, আছে ভোগান্তি

১০। এবার নগদ প্রণোদনা কমেছে রপ্তানি খাতে

১১। মুক্তিযোদ্ধার আত্মহত্যার কারণ খতিয়ে দেখতে উচ্চ পর্যায়ের কমিটি

১২। ঈদ উপলক্ষে ব্যাংকের যে শাখায় নতুন নোট পাওয়া যাবে

১৩। আজ পবিত্র লাইলাতুল কদর

চলমান পাতা/২

১। অনুমোদন ছাড়া সরকারি চাকুরেদের গ্রেফতার নয় : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

মন্ত্রিসভা গতকাল ১৩ জুলাই সোমবার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য এক বিশেষ সুবিধা আইনের খসড়া অনুমোদন করেছে। প্রস্তাবিত আইনটি 'সরকারি কর্মচারী আইন ২০১৫' নামে অভিহিত হবে। প্রস্তাবিত খসড়ায় বলা হয়েছে, 'ফৌজদারি মামলায় অভিযোগ পত্র আদালতের অনুমোদনের পূর্বে কোনো সরকারি কর্মকর্তা-কর্মচারীকে গ্রেফতার করতে হলে সরকারের পূর্ব অনুমোদন নিতে হবে।' এই সুবিধা আইন অন্য কোনো পেশার লোকদের জন্য প্রযোজ্য নয়। গতকাল ১৩ জুলাই সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে সরকারি কর্মচারী আইন ২০১৫ এর বিলের খসড়া নীতিগত অনুমোদন হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪)।

২। জঙ্গি দমনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব বিশ্ব দরবারে প্রশংসিত : স্বাস্থ্যমন্ত্রী

আওয়ামী লীগের সভাপতি মন্ডলীর সদস্য ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দেশকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার কোনো বিকল্প নেই। বাংলাদেশের জঙ্গি দমনে শেখ হাসিনার নেতৃত্ব বিশ্ব দরবারে প্রশংসিত। গতকাল ১৩ জুলাই সোমবার সেগুনবাগিচার গণপূর্ত ভবন মিলনায়তনে গণতন্ত্রী পার্টি আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), সমকাল (পৃ.২,ক.১)।

৩। রাজনীতিতে সন্ত্রাসী ও যুদ্ধাপরাধীদের স্থান দেওয়া বিপজ্জনক : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সকলের অংশগ্রহণের নামে রাজনীতিতে আগুন সন্ত্রাসী, জঙ্গি, যুদ্ধাপরাধী, রাজনৈতিক সন্ত্রাসীদের স্থান দেওয়ার অপচেষ্টা চলছে। এটি গণতন্ত্রের জন্য বিপজ্জনক। এদের বাদ দিয়ে গণতন্ত্রকে সুসংহত করতে হবে। গতকাল ১৩ জুলাই সোমবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে ঢাকা সাব-এডিটরস কাউন্সিলের ইফতার মাহফিল ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.২,ক.৮), ডেইলি সান (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৬)।

৪। রাজন খুনিদের কেউ ছাড় পাবে না : স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী
- রাজনের খুনি কামরুল সৌদিতে আটক

সিলেটে চুরির অভিযোগ তুলে পিটিয়ে শিশু সামিউল আলম রাজনকে হত্যায় জড়িত অন্যদের দ্রুত গ্রেফতারের নির্দেশ দিয়েছেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। ঘটনাটি প্রকাশের পর তা নিয়ে দেশজুড়ে তুমুল সমালোচনার মধ্যে গতকাল ১৩ জুলাই সোমবার নিজের কার্যালয়ে সাংবাদিকদের একথা জানান স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী।

এদিকে শিশু রাজন হত্যা মামলার অন্যতম আসামি সৌদি আরবে প্রবাসী কামরুল ইসলাম পালিয়ে যাওয়ার পর সেখানে প্রবাসী বাংলাদেশিদের হাতে আটক হয়েছে। আটকের পর তাকে সৌদি পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলে নিশ্চিত করেছেন সৌদিতে বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসীহ। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৪)। প্রথম আলো, ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, ডেইলি সান, নিউজ টুডে, নিউ নেশনসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। মন্ত্রিসভার আকার বাড়ছে : শপথ আজ

দ্বিতীয় দফায় আওয়ামী লীগের নেতৃত্বাধীন বর্তমান সরকারের মন্ত্রিসভায় আরও কয়েকজন সদস্য অন্তর্ভুক্ত হতে পারেন বলে সরকারের শীর্ষ পর্যায়ের সূত্রে জানা গেছে। আজ ১৪ জুলাই মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে শপথ নেবেন নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা। এ ব্যাপারে মন্ত্রিপরিষদ বিভাগ গতকাল ১৩ জুলাই সোমবারই প্রয়োজনীয় সব ব্যবস্থা চূড়ান্ত করেছে। সূত্র-সমকাল (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)। সংবাদ, আমাদের সময়, নয়াদিগন্ত, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। আবদুল লতিফ সিদ্দিকীর ভাগ্য নির্বাচন কমিশনের হাতে : সিদ্ধান্ত নিতে স্পিকারের চিঠি

হজ নিয়ে বিতর্কিত মন্তব্য করে মন্ত্রিত্ব হারানো আবদুল লতিফ সিদ্দিকীর সংসদ সদস্যপদ থাকা না থাকার বিষয়ে সিদ্ধান্ত নিতে নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে জাতীয় সংসদ সচিবালয়। জাতীয় সংসদের বিশেষ বাহকের মাধ্যমে গতকাল ১৩ জুলাই সোমবার এ চিঠি প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদের দফতরে এসে পৌঁছে। চিঠিতে আবদুল লতিফ সিদ্দিকীকে ক্ষমতাসীন আওয়ামী লীগ থেকে বহিষ্কার করা হয়েছে বলে উল্লেখ করা হয়েছে। নির্বাচন কমিশন সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৪), ইনকিলাব (শেষ পৃ.,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৭। ৮০ শতাংশ সরকারি চিকিৎসক বেসরকারি প্রতিষ্ঠানে যুক্ত
: নগর স্বাস্থ্যসেবা নিয়ে আইসিডিডিআরবির গবেষণা

আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) এক গবেষণায় দেখা গেছে, ৬২ শতাংশ চিকিৎসক ব্যক্তিমালিকানাধীন হাসপাতাল ও ক্লিনিকে কাজ করেন। অন্যদিকে সরকারি খাতের ৮০ শতাংশ চিকিৎসকও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানে কাজ করেন। নগর স্বাস্থ্যসেবায় বেসরকারি খাতের ভূমিকা নিয়ে আইসিডিডিআরবির এ গবেষণার ফলাফল গতকাল ১৩ জুলাই সোমবার ব্র্যাক সেন্টারে আয়োজিত এক কর্মশালায় উপস্থাপন করা হয়। সূত্র-প্রথম আলো (পৃ.৫,ক.১)।

৮। ভিন্ন নামে আমদানি করা এক টন ঘনচিনি জব্দ

চট্টগ্রাম বন্দরে আমদানি নিষিদ্ধ ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এক টন ঘনচিনি (সোডিয়াম সাইক্লামেট) জব্দ করেছেন শুল্ক গোয়েন্দারা। তারা বলছেন, ভিন্ন নামে ওই ঘনচিনি আমদানি করেছিলেন ওমর ফারুক নামের একজন আমদানিকারক। গতকাল ১৩ জুলাই সোমবার রাজধানীর বাবুবাজার থেকে তাকে আটক করা হয়। শুল্ক গোয়েন্দা সূত্র বলেছে, স্বাস্থ্যঝুঁকির কারণে বিভিন্ন দেশে ঘনচিনি নিষিদ্ধ। ২০০৬ সালে বাংলাদেশ সরকারও ঘনচিনি আমদানি নিষিদ্ধ করে। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৯। ট্রেনের অগ্রিম টিকিট নেই, আছে ভোগান্তি

আসন্ন ঈদ উপলক্ষে ট্রেনের অগ্রিম টিকিট পেতে সীমাহীন ভোগান্তির শিকার হচ্ছে যাত্রীরা। একটি টিকিটের আশায় মধ্যরাত থেকে দিনভর লাইনে দাঁড়িয়ে থাকছেন তারা। কিন্তু দীর্ঘ ভোগান্তি শেষেও রাজধানীর কমলাপুর রেলস্টেশনে মিলছেনা অগ্রিম টিকিট। লোক দেখানোর জন্য সামান্য কিছু টিকিট কাউন্টারে রেখে বাকি সব টিকিটই কালোবাজারে ছাড়া হয়েছে বলে অভিযোগ করছেন যাত্রীরা। দুই তিনগুণ বেশি টাকা দিলে টিকিট কালোবাজারে পাওয়া যাচ্ছে। তবে যাত্রী সেজেই কালোবাজারিরা টিকিট ক্রয় করে পুনরায় বিক্রি করছেন বলে জানিয়েছেন রেল কর্তৃপক্ষ। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.৫), যায়যায়দিন (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১)।

১০। এবার নগদ প্রণোদনা কমেছে রপ্তানি খাতে

পোশাক শিল্প রপ্তানিতে উৎসে কর বাড়ানোর পর এবার রপ্তানি খাতের নগদ প্রণোদনা কমিয়েছে সরকার। চলতি অর্থবছরে রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাকের পরিবর্তে বিকল্প নগদ সহায়তা ৪ শতাংশ করা হয়েছে। গত বছর এ প্রণোদনার পরিমাণ ছিল ৫ শতাংশ। এছাড়া চামড়াজাত দ্রব্য রপ্তানির ক্ষেত্রে প্রণোদনা আড়াই শতাংশ কমানো হয়েছে। গতকাল ১৩ জুলাই সোমবার এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), প্রথম আলো (পৃ.১৪,ক.৭), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬), নিউ এজ বিজনেস (পৃ.১,ক.২)।

১১। মুক্তিযোদ্ধার আত্মহত্যার কারণ খতিয়ে দেখতে উচ্চ পর্যায়ের কমিটি

সাতকানিয়া মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার আইয়ুব খানের আত্মহত্যা এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিবকে নিয়ে তার অভিযোগের বিষয়টি খতিয়ে দেখতে উচ্চ পর্যায়ের একটি তদন্ত কমিটি হচ্ছে বলে জানা গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী জানিয়েছেন, মৃত্যু ও অভিযোগ দুটোই খতিয়ে দেখবে এ কমিটি। তিনি বলেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকেই বিষয়টি তদন্তের অনুরোধ এসেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.৩,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৫), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

১২। ঈদ উপলক্ষে ব্যাংকের যে শাখায় নতুন নোট পাওয়া যাবে

ঈদ উপলক্ষে আগামী ১৬ জুলাই বৃহস্পতিবার পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের সব কার্যালয় ও ঢাকায় তফসিলি ব্যাংকের নির্ধারিত কিছু শাখার মাধ্যমে ১ থেকে ৫০ টাকা মূল্যমানের নতুন নোট ও কয়েন বিতরণ করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংক গতকাল ১৩ জুলাই সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানায়। যেসব তফসিলি শাখা থেকে জনসাধারণ নতুন নোট বিনিময় করতে পারবেন সেগুলো হচ্ছে জনতা ব্যাংকের নিউমার্কেট শাখা, পূবালী ব্যাংকের সদরঘাট, প্রাইম ব্যাংকের মৌচাক, ওয়ান ব্যাংকের বাসাবো, ইসলামী ব্যাংকের শ্যামলী, মার্কেন্টাইল ব্যাংকের বনানী, ব্যাংক এশিয়ার ধানমন্ডি এবং ডাচ্-বাংলা ব্যাংকের দক্ষিণখানের এসএমই অ্যান্ড এগ্রিকালচার শাখা। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৬)।

১৩। আজ পবিত্র লাইলাতুল কদর

আজ ১৪ জুলাই মঙ্গলবার দিবাগত রাত পবিত্র লাইলাতুল কদর। মহা মহিমান্বিত পবিত্র রজনী, হাজার মাস অপেক্ষা এই রাত শ্রেষ্ঠ। আজ ২৬ রমজান। দিনের শেষে আসন্ন রাতটি ২৭ রমজানের রাত হিসেবে চিহ্নিত। হাদিস শরিফের বর্ণনা অনুযায়ী আজকের রাতটি পবিত্র লাইলাতুল কদর হওয়ার সম্ভাবনা অধিক। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.১), প্রথম আলো (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইত্তেফাক, যায়যায়দিন, জনকণ্ঠ, যুগান্তর : আজ মহিমান্বিত রজনী লাইলাতুল কদর উল্লেখ করে আলোকিত জীবন লাভের মাধ্যমে ইসলামের আবেদন সার্বিকভাবে উপলব্ধি করে জীবনের প্রতিটি ক্ষেত্রে এর প্রতিফলন ঘটানোর দিকে সবাইকে মনোযোগী হওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক : বাংলাদেশ ক্রিকেট দল দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলকে ওয়ানডেতে হারানোয় অভিনন্দন জ্ঞাপন করে এ সফলতা অব্যাহত থাকুক এ প্রত্যাশা ব্যক্ত;

গ. জনকণ্ঠ : ঈদকে সামনে রেখে পোশাক-আশাকের যে বেচাকেনা হচ্ছে তার প্রায় দুই-তৃতীয়াংশই বিদেশি পোশাকের এ খবরে উদ্বেগ প্রকাশ করে তা আমাদের অর্থনীতির জন্য হুমকি বলে মন্তব্য;

ঘ. ইনকিলাব, সমকাল, যুগান্তর, যায়যায়দিন, সংবাদ, ডেইলি স্টার : সিলেটের কুমারগাঁওয়ে রাজন নামে এক শিশুকে চুরির অভিযোগে পিটিয়ে মেরে ফেলে হত্যার ভিডিওচিত্র ফেসবুকে দিয়ে দেয় হত্যাকারীরা এ পৈশাচিক হত্যার জন্য দায়ীদের বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তির দাবি;

ঙ. সমকাল : রাজধানীতে বর্ষা মৌসুমে রাস্তা খোঁড়াখুঁড়ির কারণে রাস্তার স্থানে স্থানে গর্ত সৃষ্টি হয়ে গাড়ি ও সাধারণ মানুষের ভোগান্তির সৃষ্টি হওয়ায় ঢাকা উত্তরের মেয়র শুষ্ক মৌসুম ছাড়া রাজধানীর রাস্তা খোঁড়াখুঁড়ির অনুমতি দেবেন না বলে যে অঙ্গীকার ব্যক্ত করেছেন তার যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা;

চ. ডেইলি স্টার : ঢাকা ওয়াসা এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর পানি ব্যবস্থাপনার বিশৃঙ্খল পরিস্থিতি নিয়ে টিআইবির গবেষণা প্রতিবেদনের উল্লেখ করে সরকারকে দ্রুত দুর্নীতির অভিযোগের তদন্ত করে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : বনজ সম্পদ রক্ষার্থে নির্বিচারে গাছকাটা বন্ধে আইনি ব্যবস্থা জোরদার করার আহ্বান;

জ. ডেইলি সান : রাজধানীতে ভিক্ষুক বেড়ে যাওয়ায় বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার আশঙ্কায় এ ব্যাপারে দ্রুত সমস্যা সমাধানে ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. নিউ এজ : বিক্ষুব্ধ জনতার হাতে সন্ত্রাসী, চাঁদাবাজি, ডাকাত নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সঠিক তদন্ত করে অভিযুক্তদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঞ. নিউ নেশন : ঈদে ঘরমুখো মানুষের যাত্রা নিরাপদ ও ঝামেলামুক্ত রাখতে সরকারের সংশ্লিষ্ট বিভাগের তদারকি অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে আমাদের জাকাত ব্যবস্থাপনার ভিত্তি এই দর্শনের ওপর হওয়া উচিত যে, এর মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর দৃশ্যমান উন্নয়ন ঘটানো হবে এবং নিম্ন আয়ের লোকদের উৎপাদনশীল কাজে সম্পৃক্ততা বা সক্ষমতা বাড়ানোর মাধ্যমে দারিদ্র্য কমবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'বিদেশে অর্থ পাচার' শিরোনামের নিবন্ধে মামুন রশীদ বিদেশে অর্থ পাচার রোধ করতে বৈদেশিক মুদ্রার লেনদেন সহজ করতে দেশের ব্যবসায়ীদের সহজতর পথে মুনাফা করার সুযোগ দিয়ে জাতীয় সম্পদ সৃজনে সম্পৃক্ত করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা